# কেন চোখে ব্যান্ডেজ পরে বক্তব্য দিলেন নাসীরুদ্দীন পাটওয়ারী?



নাসীরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

চোখ হারানো আলিফের প্রতি সংহতি ও সহমর্মিতা প্রকাশ করতে চোখে ব্যান্ডেজ পরে জনসম্মুখে বক্তব্য দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী।

সোমবার (৩ আগস্ট) 'শহীদ পরিবার ও আহতদের কণ্ঠে জনতার ১ দফা' শীর্ষক আলোচনা সভায় তিনি এভাবে উপস্থিত হয়ে বক্তব্য দেন।

বক্তব্যে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, বর্তমান প্রধানমন্ত্রী যে চেয়ারে রয়েছেন, সেটি জনগণের দেওয়া দায়িত্বের প্রতীক। জুলাই সনদের বাস্তবায়ন না হলে জনগণই সেই ক্ষমতা প্রত্যাহার করবে।

তিনি আরও বলেন, সংসদীয় প্রক্রিয়ার মাধ্যমে জুলাই সনদ বাস্তবায়নকে তারা অগ্রাধিকার দিচ্ছেন। তবে সংসদে তা বাস্তবায়ন সম্ভব না হলে জুলাই আন্দোলনের শহীদ পরিবার ও আহতদের সঙ্গে নিয়ে আদালতের মাধ্যমে সনদ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

LENS ASIA